

মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর ভারত সফর
(মার্চ ৩০- এপ্রিল ৪, ২০১৭)

মালয়েশিয়ার মহামান্য প্রধানমন্ত্রী শ্রী মোহ নাজিব তুন আবদুল রজাক, সস্ত্রীক মাননীয় শ্রীমতি রোসমাহ মানসুর-এর সঙ্গে ভারত সফর করবেন ৩০ মার্চ-৪ এপ্রিল, ২০১৭। এটি প্রধানমন্ত্রী হিসাবে তাঁর তৃতীয় ভারত সফর, শেষ সফর ছিল ২০১২ তে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির নভেম্বর ২০১৫-এ অতি সফল মালয়েশিয়া সফরের অনুসারি এই সফর।

প্রধানমন্ত্রী নাজিব তুন রজাক-এর সঙ্গে থাকছেন একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল, যাতে থাকছেন বেশ কয়েকজন ক্যাবিনেট মন্ত্রী এবং ঊর্ধ্বতন কর্মকর্তা। এছাড়াও তাঁর সফর সঙ্গী হবেন একটা বৃহৎ বাণিজ্যিক প্রতিনিধি দল, যাতে থাকবে মালয়েশিয়ার বড় কোম্পানি এবং বণিকরা। প্রধানমন্ত্রী নয়াদিল্লি ছাড়াও সফর করবেন চেন্নাই এবং জয়পুর।

সফরকালে বেশ কয়েকটা দ্বিপাক্ষিক এবং বাণিজ্যিক চুক্তি স্বাক্ষর হতে পারে।

নয়াদিল্লি

মার্চ ৩০, ২০১৭